

এ বার এয়ার অ্যান্ডাল্জ শহরে

নিজস্ব সংবাদদাতা: চালু হচ্ছে 'এয়ার অ্যান্ডাল্জ'। পূর্বাঞ্চলের বিভিন্ন শহর থেকে চিকিৎসার জন্য রোগীকে কলকাতায় উড়িয়ে আনার ব্যবস্থা করছে কলকাতার বেসরকারি হাসপাতাল মেডিকা সিনার্জি। রোগীর সঙ্গে এক জন আত্মীয়কেও নিয়ে আসা হবে। বিমানে থাকবেন এক জন চিকিৎসকও। মেডিকা কর্তৃপক্ষের দাবি, ভারতে এ ধরনের পরিষেবা এই প্রথম।

কলকাতায় ই এম বাইপাসে ৫০০ শয্যার হাসপাতালটি ইতিমধ্যেই চালু করেছে মেডিকা সিনার্জি। মেঘালয়, অসম, ত্রিপুরা, সিকিম, ঝাড়খণ্ড ও ওড়িশাতেও হাসপাতাল তৈরি করছে তারা। কিন্তু তার আগেই এ সব রাজ্যে নিজেদের বাজার তৈরি করতে মাঠে নেমেছে তারা।

কর্তৃপক্ষ প্রায় ৩ কোটি টাকায় কিনেছেন 'ফোর সিটার' সেসনা সি হক বিমান। তা বড় মাঠেও ওঠা-পারে বলে মেডিকা-র প্রধান

পরিষেবা পূর্বাঞ্চল জুড়ে

নামা করতে দাবি সংস্থার। অলক রায়

জানান, কানপুর, পটনা, গয়া, রাঁচি, গুয়াহাটি, শিলচরের মতো শহরে পৌঁছে যাবে পরিষেবা। তিনি বলেন, "এখনও চিকিৎসা ব্যবস্থা বড় শহর কেন্দ্রিক। ছোট শহরে হঠাৎ গুরুতর অসুস্থ হয়ে পড়লে, চিকিৎসার উন্নত পরিকাঠামো পাওয়া যায় না। অনেক ক্ষেত্রে বড় হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই রোগী মারা যান।" এই সমস্যার সমাধানেই চালু হচ্ছে 'মেডিকা এয়ার ইন্ডাকিউশন অ্যান্ড কনসাল্টিং সার্ভিসেস'।

এই বিমান একটানা ৪ ঘন্টা উড়তে পারে বলে জানান বিশেষজ্ঞরা। অলকবাবু বলেছেন এই পরিষেবার দাম ঘন্টা প্রতি ১০ হাজার টাকা। অনেক সময় বিমানে তোলার মতো শারীরিক অবস্থা রোগীর থাকে না। সে ক্ষেত্রে মেডিকা-র চিকিৎসক গিয়ে রোগীকে দেখে আসবেন। অলকবাবু জানান, প্রয়োজনে অন্য হাসপাতালও এই পরিষেবার সহায়তা নিতে পারবে।